# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩০৩৮

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৮. দ্বিতীয় অনুচ্ছেদ - কুড়িয়ে পাওয়া দ্রব্য-সামগ্রী

## আরবী

وَعَنِ الْجَارُودِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «ضَالَّةُ الْمُسْلِمِ حَرَقُ النَّارِ» . رَوَاهُ أَبُو دَاوُدَ

## বাংলা

৩০৩৮-[৬] জারূদ হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মুসলিমের হারানো বস্তু আগুনের শিখা স্বরূপ (যদি তা প্রচার না করা হয়)। (দারিমী)[1]

## ফুটনোট

[1] সহীহ : ইবনু মাজাহ ২৫০২।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (ضَالَّةُ الْمُسْلِمِ) নিহায়াহ্ গ্রন্থে আছে, ضالة বলতে প্রত্যেক ঐ জিনিসের অন্তর্ভুক্ত নষ্ট বস্তু যা প্রাণী এবং অন্যান্য হতে সংগ্রহ করা হয়। এটা পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ এবং বহুবচন সকল কিছুর উপর প্রয়োগ হয়। (حَرَقُ النَّارِ) এর দ্বারা উদ্দেশ্য হলো হারানো বস্তুর ঘোষণা না দেয়ার জন্য এবং তাতে খিয়ানাত করা উদ্দেশ্য। হারানো বস্তু গ্রহণ করা আগুন জ্বালিয়ে দেয়ার দিকে ঠেলে দেয়া। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68365

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন